

🗏 ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬:২০

া আরবি মূল আয়াত:

وَ جَآءَ مِن اَقصا المدينةِ رَجُلٌ يَسعى قَالَ يَقُومِ اتَّبِعُوا المُرسَلِينَ

আর শহরের দূরপ্রান্ত থেকে এক ব্যক্তি দৌড়ে এসে বলল, 'হে আমার কওম! তোমরা রাসূলদের অনুসরণ কর। — আল-বায়ান

নগর প্রান্ত থেকে এক লোক ছুটে আসলো। সে বলল- হে আমার জাতির লোকেরা! তোমরা রসূলদের মান্য কর। — তাইসিরুল

নগরীর প্রান্ত হতে এক ব্যক্তি ছুটে এলো, সে বললঃ হে আমার সম্প্রদায়! রাসূলদের অনুসরণ কর। — মুজিবুর রহমান

And there came from the farthest end of the city a man, running. He said, "O my people, follow the messengers. — Sahih International

২০. আর নগরীর প্রান্ত থেকে এক ব্যক্তি ছুটে আসল, সে বলল, হে আমার সম্প্রদায়! তোমরা রাসূলদের অনুসরণ কর;

তাফসীরে জাকারিয়া

- (২০) নগরীর এক প্রান্ত থেকে এক ব্যক্তি ছুটে এল এবং বলল, 'হে আমার সম্প্রদায়! রসূলদের অনুসরণ কর, [1]
 - [1] ঐ ব্যক্তি মুসলিম ছিলেন। যখন তিনি জানতে পারলেন যে, এই সম্প্রদায় রসূলদের দাওয়াতকে মেনে নিচ্ছে না, তখন তিনি এসে রসূলদের পৃষ্ঠপোষকতা এবং তাদেরকে তাঁদের অনুসরণ করার জন্য উদ্বন্ধ করলেন।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন